

আই পি আর এনফোর্সমেন্ট টুল কিট ও শিশুদের জন্য আই পি আর সচেতনতা প্রচার অভিযানেরও সূচনা করলেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী

নয়াদিল্লি, ০৫ ডিসেম্বর, ২০১৭

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী শ্রীমতী নির্মালা সীতারামন গত মঙ্গলবার পুলিশের জন্য আই পি আর এনফোর্সমেন্ট টুল কিট চালু করেন। একই সঙ্গে তিনি শিশুদের জন্য আই পি আর সচেতনতা প্রচার অভিযানেরও সূচনা করেন। এই টুলকিট সারা দেশের পুলিশকর্মী, আধিকারিকদের জন্য আই পি (মেধা সম্পত্তি) সংক্রান্ত অপরাধ, বিশেষ করে ট্রেডমার্ক জালিয়াতি, স্বাধিকার প্রমুখ বিষয়ে অনিয়মের ক্ষেত্রে চটজলদি ব্যবস্থা গ্রহণে সহায়ক হবে। এই টুল কিট তৈরির ক্ষেত্রে সি আই পি এ এম এবং ফিকি যৌথ ভূমিকা গ্রহণ করেছে। পুলিশ এক্ষেত্রে তদন্তক্রমে বাজেয়াপ্ত করার এজিয়ার বিষয়ে উদ্ধৃত সমস্যাগুলি নিরসনের উপায় খুঁজে পাবে।

ভারত সরকারের বাণিজ্য ও শিল্প মন্ত্রকের শিল্পনীতি ও প্রোগ্রাম সংক্রান্ত বিভাগের শাখা হিসেবে সি আই পি এ এম জাতীয় আই পি আর নীতি ২০১৬ রূপায়নে সক্রিয় ভূমিকা নিয়ে চলেছে। এই নীতির অঙ্গ হিসেবেই আই পি বান্ধব পরিবেশকে বলিষ্ঠতা দিতে সচেতনতা গড়ায় জোর দেওয়া হচ্ছে। শিশুরা দেশের ভবিষ্যৎ নাগরিক হিসেবে এব্যাপারে সচেতন হলে এই সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আগামীদিনের উদ্ধৃত সমস্যা মোকাবিলা সম্ভব হবে। এজন্যই সি আই পি এ এম আন্তর্জাতিক ট্রেডমার্ক অ্যাসোসিয়েশন (আই এন টি এ)-র সঙ্গে স্কুল পড়ুয়াদের জন্য আই পি আর সংক্রান্ত সচেতনতার প্রচার অভিযানের উদ্যোগ নেয়। এতে রঙীন পোস্টার, পুস্তিকাও প্রচারের অঙ্গ হিসেবে ব্যবহার করা হচ্ছে।

এই বিষয়ের অপরাধ মোকাবিলায় কড়া পদক্ষেপের ব্যাপারে সি আই পি এ এম-এর পক্ষ থেকে ইতিমধ্যেই অন্ধ্রপ্রদেশ ও উত্তরপ্রদেশে পুলিশ আধিকারিকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। প্রশিক্ষার্থীরা এতে নাটক এবং কুইজে অংশগ্রহণ করেন। বিভিন্ন রাজ্যের পুলিশ ও বিচার বিভাগীয় প্রতিষ্ঠানেও এব্যাপারে প্রশিক্ষণ সংশ্লিষ্ট তৎপরতার লক্ষ্যে চিঠি পাঠানো হয়েছে। মেধা সম্পত্তির অধিকার বা আই পি আর সংক্রান্ত ক্ষেত্রে সি আই পি এ এম-র পক্ষ থেকে আন্তর্জাতিক বিষয়াবলি অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ব্রিটেন ও সিঙ্গাপুরের সঙ্গে ইতিমধ্যেই দুটি মৌ স্বাক্ষরিত

TRIPURAINFO

হয়েছে। শিল্পক্ষেত্রে বাণিজ্যিক গোপনীয়তা সংক্রান্ত বিষয়ে ভারত-মার্কিন যৌথ কর্মশালাও আয়োজিত হয়েছে।

প্রসঙ্গত: এক্ষেত্রে সৃজনশীল ও উদ্ভাবনী ভারত গড়ার লক্ষ্যে সি আই পি এ এম বিভিন্ন স্তরে অংশীদারদের সঙ্গে কাজ করার উদ্যোগ নিচ্ছে।

